"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

মুজিব বর্ষের ঘোষণা
উন্নত হজ ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬ (অংশ)-১৮৫ তারিখ: ২০ আশ্বিন ১৪২৭ / ০৬ অক্টোবর ২০২০

**করোনা ভাইরাস পরিস্থিতির কারণে হজ ও ওমরাহ লাইসেন্সের জামানতের ৫০% অর্থ আগামী ০১ (এক) বছরের জন্য কর্জে হাসানা (ফেরতযোগ্য) হিসেবে প্রদান সংক্রান্ত**

**বিজ্ঞপ্তি**

সকল হজ ও ওমরাহ এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রণোদনা প্রদান সংক্রান্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা এবং হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর আবেদনের পরিপ্রেক্ষিতে এজেন্সিসমূহকে হজ ও ওমরাহ লাইসেন্সের জামানতের ৫০% টাকা নিম্নোক্ত শর্তে কর্জে হাসানা (ফেরতযোগ্য) হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(ক) আগ্রহী হজ ও ওমরাহ এজেন্সিকে এ সংক্রান্ত আবেদনের পরিপ্রেক্ষিতে হজ ও ওমরাহ উভয় এজেন্সি কর্তৃক মন্ত্রণালয়ে রক্ষিত ও লিয়েনকৃত জামানতের ২০.০০ (বিশ) লক্ষ টাকার ৫০% বা ১০.০০ (দশ) লক্ষ টাকা আগামী ৩১.১২.২০২১ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই ফেরত দিয়ে সমন্বয় করতে হবে;

(খ) আগামী ১৫.১০.২০২০ হতে ১৪.১১.২০২০ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক সংযুক্ত ছকে আগ্রহী হজ ও ওমরাহ এজেন্সিকে আবেদন করতে হবে;

(গ) জামানতের ৫০% (ফেরতযোগ্য) অর্থ নির্ধারিত সময়ের মধ্যে (৩১.১২.২০২১ খ্রি.) যুগ্মসচিব (হজ) বরাবর ফেরত প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট এজেন্সির লাইসেন্স সরাসরি বাতিল করা হবে;

(ঘ) যে সকল হজ ও ওমরাহ এজেন্সি অদ্যাবধি জামানতের অবশিষ্ট ১০.০০ (দশ) লক্ষ টাকা প্রদান করেনি বা যে সকল এজেন্সির লাইসেন্স বাতিল/স্থগিত বা জামানত বাজেয়াপ্তসহ বিভিন্ন প্রকার শাস্তি বিদ্যমান রয়েছে বা ধার্যকৃত জরিমানার অর্থ পরিশোধ করেনি বা আদালতে রীট/মামলা চলমান সে সকল এজেন্সির আবেদন বিবেচনা করা হবে না।

স্বাঃ/-

সংযুক্তি: নমুনা ছক।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail:morahajsection@gmail.com

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬ (অংশ)-১৮৫ তারিখ: ০৬/১০/২০২০ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )।
৮. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজ ও ওমরাহ এজেন্সির স্বত্বাধিকারীদের অবহিতকরণের অনুরোধসহ)।
১১. সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি. ১২ কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।

Farooque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

০৬.১০.২০২০
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

D:\DHMGALAM 2020\HAJJ\ONKAANTO\Govt Notice + Office Order 2020.6

"ছক"

করোনা ভাইরাস পরিস্থিতির কারণে হজ/ওমরাহ এজেন্সির জামানত বাবদ ৫০% অর্থ আগামী ০১ (এক) বছরের (৩১.১২.২০২১ খ্রি. পর্যন্ত) জন্য কর্জে হাসানা (ফেরতযোগ্য) গ্রহণের আবেদন ফরম (এজেন্সির নিজস্ব প্যাডে আবেদন করতে হবে):

| | | | |
|---|---|---|---|
| ১. | হজ/ওমরাহ এজেন্সির লাইসেন্স নম্বর | : | |
| ২. | হজ/ওমরাহ এজেন্সির নাম (বাংলা ও ইংরেজিতে) | : | |
| ৩. | হজ/ওমরাহ এজেন্সির ঠিকানা (বাংলা ও ইংরেজিতে) | : | |
| ৪. | স্বত্বাধিকারী/অংশীদার/লিমিটেড কোম্পানী (প্রযোজ্য ক্ষেত্রে) হলে তাদের জাতীয় পরিচয়পত্রসহ তালিকা [নাম, পদবীসহ প্রত্যেকের (প্রযোজ্য ক্ষেত্রে) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবি, মোবাইল নম্বর ও স্থায়ী ঠিকানা] সংযুক্ত করতে হবে | : | |
| ৫. | হজ/ওমরাহ এজেন্সি অংশীদারী/লিমিটেড কোম্পানী হলে সকল মালিকগণের যৌথ স্বাক্ষরে আবেদন এবং তাদের প্রত্যেকের জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে। | | |
| ৬. | বিদ্যমান জামানতের বিবরণ :<br>(ক) এফ.ডি.আর. এর পরিমাণ<br>(খ) এফ.ডি. আর নম্বর ও তারিখ<br>(গ) ইস্যুকারী ব্যাংকের নাম ও শাখার নাম | : | |
| ৭. | ফেরত গ্রহণে ইচ্ছুক এফ.ডি.আর. এর বিবরণ (একাধিক এফ.ডি.আর. জমা থাকলে)<br>(ক) এফ.ডি.আর. এর পরিমাণ<br>(খ) এফ.ডি. আর নম্বর ও তারিখ<br>(গ) ইস্যুকারী ব্যাংকের নাম ও শাখার নাম | : | |
| ৮. | হাব এর সভাপতি/মহাসচিবের মন্তব্য | : | |

## অঙ্গীকারনামা

আমি/আমরা..................................এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার হিসেবে এ মর্মে অংগীকার করছি যে, সরকার কর্তৃক নির্ধারিত ৩১.১২.২০২১ খ্রি. তারিখের মধ্যে কর্জে হাসানা হিসেবে গ্রহণকৃত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবো। নির্ধারিত তারিখের মধ্যে উক্ত................................ টাকার এফ.ডি.আর. ফেরত প্রদানে ব্যর্থ হলে আমার/ আমাদের মালিকানাধীন হজ/ওমরাহ এজেন্সির লাইসেন্স সরাসরি বাতিল হয়ে যাবে। উক্ত লাইসেন্স বাতিলের বিষয়ে আমাদের কোন আপত্তি থাকবে না।

আমি/আমরা স্বেচ্ছায় স্বজ্ঞানে ও সুস্থ মস্তিষ্কে এ অঙ্গীকারনামায় স্বাক্ষর করলাম

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।

Farooque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারগণের স্বাক্ষর ও সীল

০৬.১২.২০২০
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

rm Ten Lac.doc